

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
নবনিয়োগ শাখা  
www.mopa.gov.bd

প্রজ্ঞাপন

নং : ০৫.০০.০০০০.১৪৭.১১.০০১ (অংশ).১০-২৫৩  
তারিখ : ২৩ মে, ২০১২ খ্রিস্টাব্দ

২৮তম বি.সি.এস. পরীক্ষা, ২০০৮ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ২৯/৬/২০১০ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১০/৩৯ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ২ (দুই) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুসারে টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্তত ০৪ মাসের বুনীয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে সরকার এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে অথবা প্রয়োজনবোধে সরকার বুনীয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(খ) উক্ত বুনীয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেকোন স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সম্ভাষণকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদায়ক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/প্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ২৮তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/১০ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখ পূর্বে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


৩।(০১) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)  
পদের নাম : সহকারী কমিশনার  
নিয়োগপ্রাপ্ত : ১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৮৫	০৩৫৪৮৬	মামুন-আল-ফারুক

(২) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (কর)  
পদের নাম : সহকারী কর কমিশনার  
নিয়োগপ্রাপ্ত : ১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৪	০৮৩৬৯৩	হাফিজ আল মোয়াম্মার গান্দাহী

৪। জনবার্ষিক এ নিয়োগাদেশ জারি করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
(আবদুস সোবহান সিকদার)  
সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়

নম্বর : ০৫.০০.০০০০.১৪৭.১১.০০১ (অংশ).১০-১৮৫

২ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ  
তারিখ : -----  
২৩ মে, ২০১২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
- ৫। সিনিয়র সচিব/সচিব, .....মন্ত্রণালয়/বিভাগ।  
বি.সি.এস. (.....) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত .....জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৮তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থীবৃন্দ যাতে আগামী ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/১০ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাঙ্কে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাতার, ঢাকা।
- ৭। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৯। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (এ.পি.ডি/প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৩। উপসচিব (সি.পি.টি./পি.এ.সি.সি.), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৪। প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব।
- ১৫। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (ভাঁকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৭। উপসচিব, মাঠ প্রশাসন-১, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৮। সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২০। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২১। জনাব/বেগম.....।

  
(শাহিনারা খান)  
উপসচিব  
ফোন : ৭১৭২৩৪৩